শিক্ষাক্রম ২০২২

# ষাণ্মাসিক সামষ্টিক মূল্যায়ন নির্দেশিকা

বিষয় : জীবন ও জীবিকা | সপ্তম শ্রেণি

অভিজ্ঞতাভিত্তিক শিখন

যোগ্যতাভিত্তিক

শিখনকালীন মূল্যায়ন

সহযোগিতামূলক

একীভূত

জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, বাংলাদেশ

# সপ্তম শ্রেণির ষাণ্মাসিক মূল্যায়ন বিষয়ে শিক্ষকদের জন্য নির্দেশনা

## বিষয় : জীবন ও জীবিকা

## শিক্ষাবর্ষ : ২০২৩

# ষাণ্মাসিক সামষ্টিক মূল্যায়ন : জীবন ও জীবিকা

## ❖ এক নজরে জীবন ও জীবিকার ষাণ্মাসিক সামষ্টিক মূল্যায়ন

| যোগ্যতা | অভিজ্ঞতা/ অধ্যায় | পারদর্শিতা সূচক (পি আই) | নির্ধারিত কাজ | প্রস্তুতিমূলক ক্লাস/পিরিয়ড | চূড়ান্ত মূল্যায়নের দিন প্রয়োজনীয় সময় |
|---|---|---|---|---|---|
| ৭.৪ পারিবারিক আয় ও ব্যয় বিবেচনা করে পারিবারিক বাজেট প্রণয়ন করতে পারা এবং পরিবারের আর্থিক কাজে সহযোগিতা করতে পারা। | কাজের মাঝে আনন্দ | ৭.৪.১ নিজ পরিবারের পারিবারিক বাজেট করতে পারা<br>৭.৪.২ পরিবারের আর্থিক কাজে সহযোগিতা করতে পারা | ৩টি | ২টি | ৪ ঘণ্টা |
| ৭.২ সেবা, শিল্প ও কৃষি খাতে দেশীয় শ্রমবাজারের চাহিদার পরিবর্তনের ধারা বিশ্লেষণ করতে পারা এবং ভবিষ্যৎ শ্রমবাজারের চাহিদা অনুযায়ী সম্ভাব্য পেশাগুলোর মৌলিক দক্ষতাসমূহ অনুসন্ধান করতে পারা। | পেশার রূপবদল | ৭.২.১ সেবা, শিল্প ও কৃষি খাতসমূহের দেশীয় শ্রমবাজারের চাহিদা পরিবর্তনের ধারা বিশ্লেষণ করতে পারা<br>৭.২.২ ভবিষ্যৎ শ্রমবাজার অনুযায়ী পরিবর্তিত বা নতুন যেকোনো একটি পেশার মৌলিক দক্ষতাসমূহ অন্বেষণ করতে পারা। | | | |

### ➢ সাধারণ নির্দেশনা

- ষাণ্মাসিক সামষ্টিক মূল্যায়নের রুটিন অনুযায়ী নির্ধারিত দিনে অনুষ্ঠানের আয়োজন করতে হবে।
- আয়োজনের জন্য পূর্বপ্রস্তুতিমূলক ২টি পিরিয়ড/ক্লাস রুটিন অনুযায়ী পরিচালনা করতে হবে।
- প্রতিবেদন প্রণয়নের জন্য প্রয়োজনীয় কাগজ প্রতিষ্ঠান কর্তৃক সরবরাহ করতে হবে।
- শিক্ষার্থীদের কাজগুলো মূল্যায়নের জন্য প্রমাণক হিসেবে সংরক্ষণ করতে হবে।
- শিখনকালীন ও সামষ্টিক মূল্যায়ন সমন্বিত করে রিপোর্ট কার্ডে শিক্ষার্থীর পারদর্শিতার মাত্রা উল্লেখ করতে হবে।

➢ **নিচের ছকের নির্দেশনা অনুসরণ করে ষাণ্মাসিক সামষ্টিক মূল্যায়ন কার্যক্রমটি পরিচালনা করা যেতে পারে-**

| পারদর্শিতা যাচাইয়ের জন্য নির্ধারিত কাজ ও পি আই | কাজগুলো যেভাবে পরিচালনা করতে হবে | মূল্যায়নের সময় যা লক্ষ রাখতে হবে |
|---|---|---|
| **কাজ ক :**<br>**পেশাজীবীর সাথে মতবিনিময় সভা**<br>মতামত সভায় দলগতভাবে মতামত সংগ্রহের পর এককভাবে প্রতিবেদন প্রণয়ন<br>পি আই : ৭.২.১<br>৭.২.২<br><br>**কাজ খ :**<br>**পারিবারিক বাজেট প্রণয়ন**<br>সংগৃহীত তথ্যের মাধ্যমে নিজ পরিবারের জন্য একটি পারিবারিক বাজেট প্রণয়ন<br>পি আই : ৭.৪.১<br><br>**কাজ গ :**<br>**আর্থিক কাজে সহযোগিতার পরিকল্পনা এবং বাস্তবায়ন**<br>নিজ পরিবারে আর্থিক সহযোগিতার জন্য পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন<br>পি আই : ৭.৪ ২ | **প্রস্তুতিমূলক ১ম পিরিয়ড/ক্লাস**<br>**কাজ ক : পেশাজীবীর সাথে মতবিনিময় সভা**<br>শিক্ষক ব্যক্তিগত আলাপ বা ফোনে যোগাযোগের মাধ্যমে শিক্ষার্থীদের অভিভাবকদের (সপ্তম ব্যতীত অন্যান্য শ্রেণির) মধ্য থেকে কৃষি, সেবা ও শিল্প এই তিন খাত থেকে ৩ জন করে মোট ৯ জন পেশাজীবী বেছে নেবেন। তবে কোনো খাতের অভিভাবক পাওয়া না গেলে অন্যান্য খাত থেকে নেওয়া যেতে পারে।<br>● শিক্ষার্থীদেরকে সামষ্টিক মূল্যায়নের দিন পেশাজীবীদের সাথে একটি মতবিনিময় সভার আয়োজন করতে হবে তা তাদের প্রথম ক্লাসে বুঝিয়ে বলুন।<br>● শিক্ষার্থীদেরকে ৯টি দলে ভাগ করে নির্বাচিত অভিভাবকের জন্য ৯টি আমন্ত্রণপত্র প্রস্তুত করিয়ে নিন। আমন্ত্রণ পত্রগুলো শিক্ষার্থীদের মাধ্যমে পৌছানোর নির্দেশনা দিন এবং এর পাশাপাশি অভিভাবকদের মোবাইলেও ম্যাসেজ পাঠানোর ব্যবস্থা করুন।<br>● পেশাজীবীর সাথে মতবিনিময় সভা সুন্দর ও সুশৃঙ্খলভাবে করার জন্য কী কী করতে হবে তার নীতিমালা তৈরি করুন এবং তা মেনে চলার বিষয়টি বুঝিয়ে বলুন।<br><br>**কাজ খ : পারিবারিক বাজেট প্রণয়ন**<br>একাজের প্রস্তুতির জন্য নিজ অভিভাবকের নিকট থেকে যেসব তথ্য সংগ্রহ করতে হবে তার তালিকা সকল শিক্ষার্থীকে দিয়ে তৈরি করিয়ে নিন এবং পরবর্তী ক্লাসেই উক্ত তালিকা অনুযায়ী সবাইকে নিজ নিজ পারিবারিক বাজেট তৈরির তথ্য সংগ্রহ করে আনতে বলুন।<br><br>**কাজ গ : আর্থিক কাজে সহযোগিতার পরিকল্পনা এবং বাস্তবায়ন**<br>● শিক্ষার্থীরা তাদের পরিবারের আর্থিক কাজে সহায়তা করার জন্য কী পরিকল্পনা করেছিল এবং তার কতটুকু তারা বাস্তবায়ন করেছে বা এখনও তারা যে কাজগুলো করে যাচ্ছে তার ভিত্তিতে বাড়িতে একটি পোস্টার তৈরি করতে বলুন ।<br>● উক্ত পোস্টারে আর্থিক কাজের পরিকল্পনা এবং কাজটি বাস্তবায়ন করতে গিয়ে সে কী ধরনের বাধার সম্মুখীন হয়েছে এবং পরিবারের আর্থিক কাজে সাহায্য করতে পেরে তার অনুভূতি কেমন ইত্যাদি উপস্থাপন করতে হবে ইত্যাদি বুঝিয়ে বলুন।<br><br>**প্রস্তুতিমূলক ২য় পিরিয়ড/ক্লাস**<br>**কাজ ক : পেশাজীবীর সাথে মতবিনিময় সভা**<br>● নির্ধারিত পেশাজীবীর কাছে আমন্ত্রণ পত্র পৌঁছাতে পেরেছে কিনা তা জেনে নিন। কেউ না পৌঁছাতে পারলে তার সাথে নিজেই যোগাযোগ করার দায়িত্ব নিয়ে নিন এবং সবার উপস্থিতি নিশ্চিতকরনে পদক্ষেপ নিন।<br>● পেশার খাতে চাহিদা পরিবর্তন ও ভবিষ্যৎ পেশার দক্ষতা অনুসন্ধানের জন্য শিক্ষার্থীদের দিয়ে মতামত পত্র তৈরির উদ্দেশ্যে ৩টি দলে (১৫-২৫ জন) ভাগ করে দিন। দলগত আলোচনার মাধ্যমে একটি মতামতপত্র তৈরি করতে বলুন। মতামত পত্র তৈরিতে দলগুলোকে প্রয়োজনীয় সহায়তা দিন।<br>● উক্ত মতামতপত্রের মাধ্যমে কীভাবে শিক্ষার্থীরা তথ্য সংগ্রহ করবে তার পরিকল্পনা শিক্ষার্থীদের বুঝিয়ে দিন । আমন্ত্রিত অতিথিদেরকে তিনটি দলে (কৃষি, সেবা ও শিল্প প্রতিটি খাত থেকে ১ জন করে প্রতিদলে থাকবে) ভাগ করে দেওয়া এবং শিক্ষার্থীদের কোন দল কোন অতিথিদলকে আমন্ত্রণ | ● প্রস্তুতিমূলক সেশনে শিক্ষার্থীদের উপস্থিতি ও সক্রিয়তা<br>● যথাসময়ে কাজ জমা প্রদান<br>● অভিভাবকের মতামত/অনুভূতি পর্যালোচনা<br>● অনুষ্ঠান পরিচালনা এবং অর্পিত দায়িত্ব পালনে সক্রিয়তা<br>● পেশাজীবীদের সাথে শিক্ষার্থীর আচরণ<br>● শিক্ষার্থীদের জমা দেওয়া কাজের কপি বা পোস্টার যাচাই করা<br>● পর্যবেক্ষণ এবং যাচাই করার সময় সংশ্লিষ্ট পারদর্শিতার সূচকগুলো (পি আই) শনাক্ত করা<br>● সকল শিক্ষার্থীর কাজ পর্যবেক্ষণ করে পি আই এর লেভেল বা মাত্রা (পরিশিষ্ট ৩ |

<table>
<tr>
<td></td>
<td>
জানাবে ও কোন কক্ষে বসবে, প্রতি দলে মতামতপত্র অনুযায়ী কে কোন প্রশ্ন করবে, কীভাবে প্রশ্ন করবে, কীভাবে তথ্যগুলো লিখবে ইত্যাদি বিষয়গুলো দলে আলোচনার মাধ্যমে পরিকল্পনা করে নিতে বলুন। মতামত সভা শেষে সবাইকে ধন্যবাদ জানিয়ে বিদায় দেওয়ার বিষয়টিও তাদের পরিকল্পনায় যেন থাকে তা বুঝিয়ে বলুন।
<ul>
<li>চূড়ান্ত মূল্যায়নের দিন আয়োজিত মতবিনিময় সভায় সবাই যেন শৃঙ্খলা বজায় রেখে মতামত সংগ্রহ এবং অন্যান্য কাজগুলো সম্পন্ন করতে পারে সেই সংক্রান্ত নির্দেশনাগুলো আরেকবার স্মরণ করিয়ে দিন।</li>
<li>মতামত সভা শেষে (১ ঘন্টা ৩০ মিনিট সময়ের মধ্যে) তাদের সংগৃহীত তথ্য এবং অভিজ্ঞতার আলোকে নিজেদের মতামত উপস্থাপন করে একটি প্রতিবেদন লিখে জমা দিতে হবে তা জানিয়ে দিন।</li>
<li>প্রতিবেদন লেখার সুবিধার্থে দেশীয় শ্রমবাজারে কৃষি, সেবা এবং শিল্প খাতে চাহিদা পরিবর্তনের ধারা সংক্রান্ত বিভিন্ন তথ্য, উপাত্ত, পর্যালোচনা (ইন্টারনেট, পত্রিকা, পাঠ্যপুস্তক ও অন্যান্য বই থেকে) ভালোভাবে পড়ে ও জেনে আসার জন্য নির্দেশনা দিন।</li>
</ul>
কাজ খ : পারিবারিক বাজেট প্রণয়ন
নিজ নিজ পারিবারিক বাজেট তৈরির জন্য তারা বাড়ি থেকে যেসব তথ্য নিয়ে এসেছে তার ভিত্তিতে আগামী মাসের জন্য তাদের প্রত্যেককে একটি পারিবারিক বাজেট তৈরি করে জমা দিতে বলুন। জমা দেওয়ার তথ্য রেজিষ্টার/শিটে লিপিবদ্ধ রাখুন।
কাজ গ : আর্থিক কাজে সহযোগিতার পরিকল্পনা এবং বাস্তবায়ন পরিস্থিতি
উক্ত পরিকল্পনা এবং বাস্তবায়ন পরিস্থিতির ওপর তারা পোস্টার তৈরি করেছে কিনা তার হালনাগাদ তথ্য জেনে নিন এবং চূড়ান্ত মূল্যায়নের দিন সবাইকে পোস্টারটি জমা দিতে হবে তা আবারও মনে করিয়ে দিন।
চূড়ান্ত মূল্যায়নের দিন
কাজ ক : পেশাজীবীর সাথে মতবিনিময় সভা (সময় ৪০ মিনিট)
<ul>
<li>আমন্ত্রিত পেশাজীবীগণকে অভ্যর্থনা জানানোর দায়িত্বে থাকা শিক্ষার্থীদের কয়েকজন তাদের অভ্যর্থনা জানাবে এবং নির্দিষ্ট কক্ষে পৌঁছে দিবে।</li>
<li>পরিচিতি পর্বে শিক্ষক সবাইকে শুভেচ্ছা জানিয়ে স্বাগত বক্তব্য ও প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করবেন ।</li>
<li>পরবর্তী অনুষ্ঠান শিক্ষার্থীরাই সঞ্চালনা করবে । পূর্ব পরিকল্পনা অনুযায়ী আমন্ত্রিত অতিথিদের ৩টি দলে (প্রতি দলে কৃষি, সেবা ও শিল্প খাতের একজন করে) ভাগ করে দিতে হবে। লটারির মাধ্যমে শিক্ষার্থীদের ৩টি দলে ভাগ করে একেক দলকে একেক পেশাজীবী দলের সাথে মতবিনিময়ের জন্য নির্দিষ্ট স্থানে পাঠিয়ে দিতে হবে।</li>
<li>নির্দিষ্ট সময়ের মধ্যে মতবিনিময় সভা শেষ হলে সকল দল নিজ শ্রেণিকক্ষে প্রবেশ করে প্রতিবেদনের জন্য প্রস্তুতি গ্রহণ করবে । প্রস্তুতি শেষে প্রতিবেদন লিখে জমা দিবে (সময় ৯০ মিনিট)</li>
<li>দলগতভাবে মতবিনিময় করলেও প্রতিবেদন প্রত্যেককে এককভাবে জমা দিতে হবে। উক্ত প্রতিবেদনে যা থাকতে হবে-<br>-পেশাজীবী ব্যক্তির বর্তমান পেশার নাম<br>-তার পেশাক্ষেত্রে কী কী পরিবর্তন এসেছে তার বর্ণনা<br>-পেশাক্ষেত্রে উক্ত পরিবর্তনের কারণগুলো কী তা বিশ্লেষণ<br>-উক্ত পরিবর্তনের ফলে পেশায় কী ধরনের নতুনত্ব এসেছে তার বর্ণনা</li>
</ul>
</td>
<td>
অনুযায়ী) নির্দিষ্ট করা
<ul>
<li>নির্ধারিত সকল পি আই অনুসারে প্রত্যেক শিক্ষার্থীর পারদর্শিতার মাত্রা বা (পরিশিষ্ট ৪ এর নমুনাছক) অবস্থান নির্ধারণ করা</li>
<li>শিখনকালীন ও ষান্মাসিক সামষ্টিক মূল্যায়নের সমন্বয়ে রিপোর্ট তৈরি করা</li>
</ul>
</td>
</tr>
</table>

| | | |
|---|---|---|
| | -পরিবর্তনের কারণে নতুন আরও কী কী পেশা সৃষ্টি হতে পারে<br>-উক্ত পেশার জন্য কী কী দক্ষতা থাকা প্রয়োজন তা চিহ্নিতকরণ<br>-দক্ষতাসমূহ অর্জনের জন্য তার এলাকায় কী কী সুযোগ রয়েছে তার বর্ণনা<br>-দক্ষতা উন্নয়ন/প্রশিক্ষণের জন্য স্থানীয় প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা<br>● একজনের প্রতিবেদনের সাথে অন্যজনের প্রতিবেদন কোনোভাবেই যেন হুবহু মিলে না যায় তা বিশেষভাবে লক্ষ রাখতে হবে।<br>● মতামতপত্রটি প্রতিবেদনের সাথে জমা দিতে হবে।<br><br>**কাজ খ : পারিবারিক বাজেট প্রণয়ন**<br>প্রস্তুতিমূলক ২য় পিরিয়ড/ক্লাসেই সকল শিক্ষার্থীর নিজ পারিবারিক বাজেট জমা নিয়ে নিতে হবে। কেউ বাদ পড়েছে কিনা তা চূড়ান্ত মূল্যায়নের দিন পর্যবেক্ষণ করুন। কেউ বাদ পড়ে গেলে পূর্বনির্ধারিত ছকের মাধ্যমে সংগৃহীত তথ্যের আলোকে তাকে পারিবারিক বাজেট তৈরি করে জমা দিতে বলুন।<br><br>**কাজ গ : আর্থিক কাজে সহযোগিতার পরিকল্পনা এবং বাস্তবায়ন পরিস্থিতি (৬০ মিনিট বা তদূর্ধ্ব)**<br>● মতবিনিময় সভার প্রতিবেদন প্রণয়ন কার্যক্রম চলাকালীন সময়ে একজন একজন করে শিক্ষার্থীকে ডেকে নিয়ে ‘কাজ গ- আর্থিক কাজে সহযোগিতার পরিকল্পনা এবং বাস্তবায়নের পরিস্থিতি’ উপস্থাপন করে তৈরিকৃত পোস্টার জমা নিতে থাকবেন ।<br>● জমা নেওয়ার সময় পোস্টারের নির্ধারিত ঘরে অভিভাবকের মন্তব্য/মতামত ও স্বাক্ষর আছে কিনা তা দেখে নিতে হবে<br>● পরিবারে আর্থিক কাজটি বাস্তবায়নের অভিজ্ঞতা/অনুভূতি সম্পর্কে ২/১ টি প্রশ্ন করে কতটা দক্ষতার সাথে তারা কাজটি বাস্তবায়ন করেছে কিংবা আদৌ করেছে কিনা তা নিশ্চিত হওয়ার চেষ্টা করতে হবে। এইসময় শিক্ষার্থীর বিষয়ে কোনও জিজ্ঞাসা থাকলে তাও জেনে নিতে হবে ।<br><br>এভাবে তিনটি কাজ পরিচালনা করুন এবং সংশ্লিষ্ট পি আই অনুসারে সকল শিক্ষার্থীদের মূল্যায়ন কার্যক্রম সমাপ্ত করুন। মূল্যায়নের সময় এই ছকের ডানদিকের কলামের নির্দেশনার দিকে লক্ষ রাখুন। | |

❖ প্রযোজ্য ক্ষেত্রে পরিশিষ্টের সহায়তা নিয়ে জীবন ও জীবিকা বিষয়ের মূল্যায়ন সম্পন্ন করে ষাণ্মাসিক সামষ্টিক মূল্যায়নের রিপোর্ট প্রস্তুত করুন।

## শিক্ষার্থীর ষান্মাসিক মূল্যায়নের ট্রান্সক্রিপ্ট প্রস্তুতকরণ

কোনো একজন শিক্ষার্থীর সবগুলো পারদর্শিতার সূচকে অর্জনের মাত্রা ট্রান্সক্রিপ্টে উল্লেখ করা থাকবে (পরিশিষ্ট-৪ এ ষান্মাসিক মূল্যায়ন শেষে শিক্ষার্থীর ট্রান্সক্রিপ্টের ফরম্যাট সংযুক্ত করা আছে)। শিক্ষার্থীর মূল্যায়নের প্রতিবেদন হিসেবে ষান্মাসিক সামষ্টিক মূল্যায়নের পর এই ট্রান্সক্রিপ্ট প্রস্তুত করা হবে, যা থেকে শিক্ষার্থী, অভিভাবক বা সংশ্লিষ্ট ব্যাক্তিবর্গ জীবন ও জীবিকা বিষয়ে শিক্ষার্থীর সামগ্রিক অগ্রগতির একটা চিত্র বুঝতে পারবেন।

শিখনকালীন ও ষান্মাসিক সামষ্টিক মূল্যায়নে প্রত্যেক শিক্ষার্থীর অর্জিত পারদর্শিতার মাত্রার ভিত্তিতে তার ষান্মাসিক মূল্যায়নের ট্রান্সক্রিপ্ট তৈরি করা হবে। ট্রান্সক্রিপ্টের ক্ষেত্রেও শিক্ষার্থীর প্রাপ্ত অর্জনের মাত্রা চতুর্ভূজ, বৃত্ত, বা ত্রিভুজ (□ ○ △) দিয়ে প্রকাশ করা হবে। এখানে উল্লেখ্য যে, শিখনকালীন ও সামষ্টিক মূল্যায়নে একই পারদর্শিতার সূচকে একাধিকবার তার অর্জনের মাত্রা নিরূপণ করতে হতে পারে। এরকম ক্ষেত্রে, একই পারদর্শিতার সূচকে কোনো শিক্ষার্থীর দুই বা ততোধিক বার ভিন্ন ভিন্ন মাত্রার পর্যবেক্ষণ পাওয়া যেতে পারে। এক্ষেত্রে, কোনো একটিতে—

- যদি সেই পারদর্শিতার সূচকে ত্রিভুজ ( △ ) চিহ্নিত মাত্রা অর্জিত হয়, তবে ট্রান্সক্রিপ্টে সেটিই উল্লেখ করা হবে।
- যদি কোনোবারই ত্রিভূজ ( △ ) চিহ্নিত মাত্রা অর্জিত না হয়ে থাকে তবে দেখতে হবে অন্তত একবার হলেও বৃত্ত ( ○ ) চিহ্নিত মাত্রা শিক্ষার্থী অর্জন করেছে কিনা; করে থাকলে সেটিই ট্রান্সক্রিপ্টে উল্লেখ করা হবে।
- যদি সবগুলোতেই শুধুমাত্র চতুর্ভূজ ত্রিভূজ ( □ ) চিহ্নিত মাত্রা অর্জিত হয়, শুধুমাত্র সেই ক্ষেত্রে ট্রান্সক্রিপ্টে এই মাত্রার অর্জন লিপিবদ্ধ করা হবে।

# পরিশিষ্ট ১

## মতামতপত্রে যেসব প্রশ্ন থাকতে পারে তার নমুনা

(শিক্ষার্থীরা দলগত আলোচনার মাধ্যমে এই প্রশ্নপত্র তৈরি করবে। তাদের আলোচনায় কোনো প্রশ্ন বাদ পড়ে গেলে শিক্ষকগণ যেন মনে করিয়ে দিতে পারেন সেই উদ্দেশ্য এই প্রশ্নের চেকলিস্ট দেওয়া হলো)

১. আপনার পেশা

২. কত বছর  ধরে এই পেশায় আছেন

   ক) ২-৫ বছর   খ) ৬-১০ বছর   গ)  ১১-১৫ বছর   ঘ) ১৬-২০ বছর

৩. আপনার পেশায় এখন কী ধরনের উপকরণ বা সামগ্রী ব্যবহার করেন

৪. আপনার পেশায় আগে কী ধরনের উপকরণ বা সামগ্রী ব্যবহার করতেন

৫. আগের কাজের ক্ষেত্রে আপনি কেমন অনুভব করতেন

৬. নতুনভাবে কাজ করতে আপনার কেমন লাগে

৭. এই যে পরিবর্তন হলো এর পিছনে কারণ কী বলে মনে করেন

৮. আপনার পেশার জন্য শুরুতেই কী কী কাজ আপনাকে শিখতে হয়েছে

৯. আপনার পেশায় পরিবর্তন আসার পর আপনাকে নতুন করে আর কী কী কাজ শিখতে হয়েছে বা হচ্ছে

১০. আগামীতে আপনার পেশায় আর কী ধরনের পরিবর্তন আসতে পারে বলে মনে করেন

১১. পেশার কাজে নতুন যে পরিবর্তন আসতে পারে তার জন্য আপনার আর কী কী দক্ষতা অর্জন করা প্রয়োজন হতে পারে

১২. আপনার পেশায় উক্ত নতুন পরিবর্তনের সাথে খাপ খাওয়ানোর জন্য বা আরও ভালো করতে হলে আর কী কী অনুশীলন বা চর্চা করা প্রয়োজন বলে মনে করেন

১৩. আপনার ভবিষ্যৎ বা আগামী পেশায়  দক্ষতা বাড়ানোর জন্য বিশেষ প্রস্তুতি বা প্রশিক্ষণের সুযোগ কোথায় আছে বলে মনে করেন

১৪. উক্ত প্রশিক্ষণ বা দক্ষতা উন্নয়নের সুযোগ রয়েছে এমন কয়েকটি স্থানীয় প্রতিষ্ঠান/ব্যক্তির নাম ঠিকানা বলুন

১৫. আগামীতে আপনার কাজগুলোর সাথে সংশ্লিষ্ট নতুন কী কী পেশা আসতে পারে/ তৈরি হতে পারে বলে মনে করেন

১৬. আগামীর সেই পেশাগুলোতে আপনি কাজ করতে চাইলে নতুন করে আপনাকে আর কী কী দক্ষতা অর্জন করতে হবে

১৭. ইত্যাদি

# পরিশিষ্ট ২

## সপ্তম শ্রেণির যোগ্যতা অনুসারে পারদর্শিতা সূচক এবং মাত্রার তালিকা

| একক যোগ্যতা | পারদর্শিতা সূচক (PI) নং | পারদর্শিতা সূচক (PI) | পারদর্শিতার মাত্রা | | |
|---|---|---|---|---|---|
| | | | □ | ○ | △ |
| ৭.৪ পারিবারিক আয় ও ব্যয় বিবেচনা করে পারিবারিক বাজেট প্রণয়ন করতে পারা এবং পরিবারের আর্থিক কাজে সহযোগিতা করতে পারা। | ৭.৪.১ | নিজ পরিবারের পারিবারিক বাজেট প্রণয়ন করতে পারা | নিজ পরিবারের আয় ও ব্যয় বিবেচনা না করেই পারিবারিক বাজেট প্রণয়ন করেছে। | পারিবারিক বাজেট প্রণয়নে নিজ পরিবারের আয় বিবেচনা করলেও ব্যয় পরিকল্পনায় সকল প্রয়োজনীয় খাত যথাযথভাবে বিবেচনা করে নি। | নিজ পরিবারের আয় ও ব্যয় বিবেচনা করে পারিবারিক বাজেট যথাযথভাবে প্রণয়ন করতে পেরেছে। |
| | | | **যে পারদর্শিতা দেখে মাত্রা নিরূপণ করা যেতে পারে** | | |
| | | | • মোট আয়<br>• ব্যয়ের খাত<br>নিজ পরিবারের উক্ত দুটি দিক বিবেচনা করে বাজেট প্রণয়ন করে নি। | • মোট আয়<br>• ব্যয়ের খাত<br>বাজেট প্রণয়নে নিজ পরিবারের উক্ত দিকগুলো বিবেচনা করলেও ব্যয় পরিকল্পনার সকল প্রয়োজনীয় খাত উল্লেখ করে নি। | • মোট আয়<br>• ব্যয়ের খাত<br>নিজ পরিবারের উক্ত দিকগুলো বিবেচনা করে যথাযথভাবে বাজেট প্রণয়ন করেছে। |
| | ৭.৪.২ | পরিবারের আর্থিক কাজে সহযোগিতা করতে পারা | আর্থিক কাজের সহযোগিতার পরিকল্পনা প্রণয়ন করে তা বাস্তবায়নে প্রচেষ্টা গ্রহণ করেছে। | অভিভাবকের সাথে মিলে পারিবারিক আর্থিক কাজে সহযোগিতার পরিকল্পনা প্রণয়ন করে তা আংশিক বাস্তবায়ন করেছে। | অভিভাবকের সাথে মিলে পারিবারিক আর্থিক কাজে সহযোগিতার পরিকল্পনা প্রণয়ন করে তা যথাযথভাবে বাস্তবায়ন করেছে। |
| | | | **যে পারদর্শিতা দেখে মাত্রা নিরূপণ করা যেতে পারে** | | |
| | | | জমাদানকৃত পোস্টার, অভিভাবকের মতামত এবং মৌখিক অভিজ্ঞতা বিনিময়- এই তিনটির পর্যালোচনার মাধ্যমে যদি দেখা যায়-<br>• আর্থিক কাজের পরিকল্পনা প্রণয়নে অভিভাবকের সাথে আলোচনা করে নি<br>• পরিকল্পনার ধাপগুলো বাস্তবায়নের উদ্যোগ নিয়েছে কিন্তু বাস্তবায়ন করতে পারে নি<br>• পরিকল্পনা বাস্তবায়ন সম্পর্কে ইতিবাচক অনুভূতি প্রকাশ করেছে | জমাদানকৃত পোস্টার, অভিভাবকের মতামত এবং মৌখিক অভিজ্ঞতা বিনিময়- এই তিনটির পর্যালোচনার মাধ্যমে যদি দেখা যায়-<br>• অভিভাবকের সাথে আলোচনার মাধ্যমে আর্থিক কাজের পরিকল্পনা প্রণয়ন করেছে<br>• পরিকল্পনার ধাপগুলো আংশিক বাস্তবায়ন করেছে<br>• পরিকল্পনা বাস্তবায়ন সম্পর্কে ইতিবাচক অনুভূতি প্রকাশ করেছে | জমাদানকৃত পোস্টার, অভিভাবকের মতামত এবং মৌখিক অভিজ্ঞতা বিনিময়- এই তিনটির পর্যালোচনার মাধ্যমে যদি দেখা যায়-<br>• অভিভাবকের সাথে আলোচনার মাধ্যমে আর্থিক কাজের পরিকল্পনা প্রণয়ন করেছে<br>• পরিকল্পনার প্রতিটি ধাপ যথাযথভাবে বাস্তবায়ন করেছে<br>• পরিকল্পনা বাস্তবায়ন সম্পর্কে ইতিবাচক অনুভূতি প্রকাশ করেছে |

| একক যোগ্যতা | পারদর্শিতা সূচক (PI) নং | পারদর্শিতা সূচক (PI) | পারদর্শিতার মাত্রা | | |
|---|---|---|---|---|---|
| | | | □ | ○ | △ |
| ৭.২<br>সেবা, শিল্প ও কৃষিখাতসমূহে-র আলোকে দেশীয় শ্রমবাজারের চাহিদার পরিবর্তনের ধারা বিশ্লেষণ করতে পারা এবং ভবিষ্যৎ শ্রমবাজারের চাহিদা অনুযায়ী সম্ভাব্য পেশাগুলোর মৌলিক দক্ষতাসমূহ অনুসন্ধান করতে পারা। | ৭.২.১ | সেবা, শিল্প ও কৃষিখাতসমূহের দেশীয় শ্রমবাজারের চাহিদা পরিবর্তনের ধারা বিশ্লেষণ করতে পারা | সময়ের প্রেক্ষিতে সেবা, শিল্প ও কৃষিখাতসমূহের মধ্যে থেকে একটি বা দুইটি খাতের দেশীয় শ্রমবাজারের চাহিদার পরিবর্তনের ধারা আংশিক বিশ্লেষণ করতে পেরেছে। | সময়ের প্রেক্ষিতে সেবা, শিল্প ও কৃষিখাতসমূহের দেশীয় শ্রমবাজারের চাহিদার পরিবর্তনের ধারা আংশিক বিশ্লেষণ করতে পারেছে। | সময়ের প্রেক্ষিতে সেবা, শিল্প ও কৃষিখাতসমূহের দেশীয় শ্রমবাজারের চাহিদার পরিবর্তনের ধারা যথাযথভাবে বিশ্লেষণ করতে পেরেছে। |
| | | | **যে পারদর্শিতা দেখে মাত্রা নিরূপণ করা যেতে পারে** | | |
| | | | • মতামত পত্র<br>• পাঠ্যবই এবং<br>• বিভিন্ন তথ্যসূত্র<br>এই তিন উৎসের তথ্য পর্যালোচনা করলেও প্রতিবেদনে একটি উৎসের তথ্য উপস্থাপিত হয়েছে এবং সেবা, শিল্প ও কৃষিখাতসমূহের মধ্যে থেকে একটি বা দুইটি খাতের দেশীয় শ্রমবাজারের চাহিদার পরিবর্তনের ধারা আংশিক বিশ্লেষণ করতে পেরেছে। | • মতামত পত্র<br>• পাঠ্যবই এবং<br>• বিভিন্ন তথ্যসূত্র<br>এই তিন উৎসের তথ্য পর্যালোচনা করলেও প্রতিবেদনে দুটি উৎসের তথ্য উপস্থাপিত হয়েছে এবং সেবা, শিল্প ও কৃষি তিনটি খাতের দেশীয় শ্রমবাজারের চাহিদার পরিবর্তনের ধারা আংশিক বিশ্লেষণ করতে পেরেছে। | • মতামত পত্র<br>• পাঠ্যবই এবং<br>• বিভিন্ন তথ্যসূত্র<br>এই তিন উৎসের তথ্য পর্যালোচনার মাধ্যমে উক্ত পেশায় পরিবর্তনের ধারা, পরিবর্তনের যৌক্তিক কারণসহ যথাযথভাবে বিশ্লেষণ করতে পেরেছে। |
| | ৭.২.২ | ভবিষ্যৎ শ্রমবাজার অনুযায়ী পরিবর্তিত বা নতুন যেকোনো একটি পেশার মৌলিক দক্ষতাসমূহ অন্বেষণ করতে পারা। | সাধারণভাবে ভবিষ্যত যেকোনো একটি পেশার মৌলিক দক্ষতাসমূহ আংশিক অন্বেষণ করতে পেরেছে। | পদ্ধতিগতভাবে ভবিষ্যত যেকোনো একটি পেশার মৌলিক দক্ষতাসমূহ আংশিক অন্বেষণ করতে পেরেছে। | পদ্ধতিগতভাবে ভবিষ্যত যেকোনো একটি পেশার মৌলিক দক্ষতাসমূহ যথাযথভাবে অন্বেষণ করতে পেরেছে। |
| | | | **যে পারদর্শিতা দেখে মাত্রা নিরূপণ করা যেতে পারে** | | |
| | | | • পেশাজীবীর সাথে কার্যকর যোগাযোগ<br>• মতামত পত্র<br>• পাঠ্যবই এবং<br>• বিভিন্ন তথ্যসূত্র<br>এই চার উৎসের তথ্য পর্যালোচনা ছাড়াই তথ্য উপস্থাপিত হয়েছে। উক্ত পেশা সংশ্লিষ্ট ভবিষ্যতের যেকোনো একটি পেশার জন্য প্রয়োজনীয় মৌলিক দক্ষতা আংশিক চিহ্নিত করতে পেরেছে। | • পেশাজীবীর সাথে কার্যকর যোগাযোগ<br>• মতামত পত্র<br>• পাঠ্যবই এবং<br>• বিভিন্ন তথ্যসূত্র<br>এই চার উৎসের তথ্য পর্যালোচনার মাধ্যমে উক্ত পেশা সংশ্লিষ্ট ভবিষ্যতের যেকোনো একটি পেশার জন্য প্রয়োজনীয় মৌলিক দক্ষতা আংশিক চিহ্নিত করতে পেরেছে। | • পেশাজীবীর সাথে কার্যকর যোগাযোগ<br>• মতামত পত্র<br>• পাঠ্যবই এবং<br>• বিভিন্ন তথ্যসূত্র<br>এই চার উৎসের তথ্য পর্যালোচনার মাধ্যমে উক্ত পেশা সংশ্লিষ্ট ভবিষ্যতের যেকোনো একটি পেশার জন্য প্রয়োজনীয় মৌলিক দক্ষতাসমূহ যথাযথভাবে চিহ্নিত করেছে । |

# পরিশিষ্ট ৩

## শিখন অভিজ্ঞতাভিত্তিক মূল্যায়নের জন্য শিক্ষার্থীর উপাত্ত সংগ্রহের ছক

নিচের ছক অনুসারে মূল্যায়নের জন্য শিক্ষার্থীর উপাত্ত সংগ্রহ করতে হবে। শিক্ষার্থীর সংখ্যা বিবেচনায় শিক্ষকগণকে এই ছকের প্রয়োজনীয় সংখ্যক অনুলিপি তৈরি করে নিতে হবে। যেমন- 'কাজের মাঝে আনন্দ' এই অধ্যায়ের শিখন অভিজ্ঞতা অনুযায়ী ষাণ্মাসিক চূড়ান্ত মূল্যায়নে শিক্ষার্থীর পারদর্শিতা যাচাইয়ের সুবিধার্থে দুইটি পারদর্শিতা সূচক নির্বাচন করা হয়েছে, সেগুলো হলো ৭.৪.১ এবং ৭.৪.২ । নিচে নমুনা হিসেবে কয়েকজন শিক্ষার্থীর পারদর্শিতার মাত্রা কীভাবে রেকর্ড করবেন তা দেখানো হয়েছে।

| প্রতিষ্ঠানের নাম : | | | | | তারিখ: |
|---|---|---|---|---|---|
| যোগ্যতা নং : ৭.৪ | শ্রেণি : | সপ্তম | বিষয় : | জীবন ও জীবিকা | শিক্ষকের নাম ও স্বাক্ষর |
| কাজ খ<br>কাজ গ | পারিবারিক বাজেট প্রণয়ন<br>আর্থিক কাজে সহযোগিতার পরিকল্পনা এবং বাস্তবায়ন | | | | |

| | | প্রযোজ্য PI নং | |
|---|---|---|---|
| রোল নং | নাম | ৭.৪.১ | ৭.৪.২ |
| ০১ | | □○△ | □○△ |
| ০২ | | □○△ | □○△ |
| ০৩ | | □○△ | □○△ |
| ০৪ | | □○△ | □○△ |

| প্রতিষ্ঠানের নাম : | | | | | তারিখ: |
|---|---|---|---|---|---|
| যোগ্যতা নং : ৭.২ | শ্রেণি : | সপ্তম | বিষয় : | জীবন ও জীবিকা | |
| কাজ ক | পেশাজীবীর সাথে মতবিনিময় সভা | | | | শিক্ষকের নাম ও স্বাক্ষর |

| | | প্রযোজ্য PI নং | |
|---|---|---|---|
| রোল নং | নাম | ৭.২.১ | ৭.২.২ |
| | | □○△ | □○△ |
| | | □○△ | □○△ |
| | | □○△ | □○△ |
| | | □○△ | □○△ |
| | | □○△ | □○△ |
| | | □○△ | □○△ |
| | | □○△ | □○△ |
| | | □○△ | □○△ |
| | | □○△ | □○△ |
| | | □○△ | □○△ |
| | | □○△ | □○△ |

# পরিশিষ্ট ৪

## ষাণ্মাসিক মূল্যায়ন শেষে শিক্ষার্থীর ট্রান্সক্রিপ্ট

| | | | |
|---|---|---|---|
| প্রতিষ্ঠানের নাম | | | |
| শিক্ষার্থীর নাম | | | |
| শিক্ষার্থীর আইডি : | শ্রেণি : সপ্তম | বিষয় : জীবন ও জীবিকা | শিক্ষকের নাম : |

| পারদর্শিতা সূচকের মাত্রা | | | |
|---|---|---|---|
| পারদর্শিতা সূচক | শিক্ষার্থীর পারদর্শিতার মাত্রা | | |
| ৭.৪.১ নিজ পরিবারের পারিবারিক বাজেট করতে পারা | □ | ○ | △ |
| | নিজ পরিবারের আয় ও ব্যয় বিবেচনা না করেই পারিবারিক বাজেট প্রণয়ন করেছে। | পারিবারিক বাজেট প্রণয়নে নিজ পরিবারের আয় বিবেচনা করলেও ব্যয় পরিকল্পনায় সকল প্রয়োজনীয় খাত যথাযথভাবে বিবেচনা করে নি। | নিজ পরিবারের আয় ও ব্যয় বিবেচনা করে পারিবারিক বাজেট যথাযথভাবে প্রণয়ন করতে পেরেছে। |
| ৭.৪.২ পরিবারের আর্থিক কাজে সহযোগিতা করতে পারা | □ | ○ | △ |
| | আর্থিক কাজের সহযোগিতার পরিকল্পনা প্রণয়ন করে তা বাস্তবায়নে প্রচেষ্টা গ্রহণ করেছে। | অভিভাবকের সাথে মিলে পারিবারিক আর্থিক কাজে সহযোগিতার পরিকল্পনা প্রণয়ন করে তা আংশিক বাস্তবায়ন করেছে। | অভিভাবকের সাথে মিলে পারিবারিক আর্থিক কাজে সহযোগিতার পরিকল্পনা প্রণয়ন করে তা যথাযথভাবে বাস্তবায়ন করেছে। |
| ৭.২.১ সেবা, শিল্প ও কৃষিখাতসমূহের দেশীয় শ্রমবাজারের চাহিদা পরিবর্তনের ধারা বিশ্লেষণ করতে পারা | □ | ○ | △ |
| | সময়ের প্রেক্ষিতে সেবা, শিল্প ও কৃষিখাতসমূহের মধ্যে থেকে একটি বা দুইটি খাতের দেশীয় শ্রমবাজারের চাহিদার পরিবর্তনের ধারা আংশিক বিশ্লেষণ করতে পেরেছে। | সময়ের প্রেক্ষিতে সেবা, শিল্প ও কৃষিখাতসমূহের দেশীয় শ্রমবাজারের চাহিদার পরিবর্তনের ধারা আংশিক বিশ্লেষণ করতে পেরেছে। | সময়ের প্রেক্ষিতে সেবা, শিল্প ও কৃষিখাতসমূহের দেশীয় শ্রমবাজারের চাহিদার পরিবর্তনের ধারা যথাযথভাবে বিশ্লেষণ করতে পেরেছে। |
| ৭.২.২ ভবিষ্যৎ শ্রমবাজার অনুযায়ী পরিবর্তিত বা নতুন যেকোনো একটি পেশার মৌলিক দক্ষতাসমূহ অন্বেষণ করতে পারা। | □ | ○ | △ |
| | সাধারণভাবে ভবিষ্যত যেকোনো একটি পেশার মৌলিক দক্ষতাসমূহ আংশিক অন্বেষণ করতে পেরেছে। | পদ্ধতিগতভাবে ভবিষ্যত যেকোনো একটি পেশার মৌলিক দক্ষতাসমূহ আংশিক অন্বেষণ করতে পেরেছে। | পদ্ধতিগতভাবে ভবিষ্যত যেকোনো একটি পেশার মৌলিক দক্ষতাসমূহ যথাযথভাবে অন্বেষণ করতে পেরেছে। |

# পরিশিষ্ট ৫

## আচরণিক সূচক (Behavioural Indicator, BI)

এখানে আচরণিক সূচকের একটা তালিকা দেয়া হলো। বছর জুড়ে পুরো শিখন কার্যক্রম চলাকালে শিক্ষার্থীদের আচরণ, দলীয় কাজে অংশগ্রহণ, আগ্রহ, সহযোগিতামূলক মনোভাব ইত্যাদি পর্যবেক্ষণ করে এই সূচকসমূহে প্রত্যেক শিক্ষার্থীর অর্জনের মাত্রা নির্ধারণ করতে হবে। পারদর্শিতার সূচকের পাশাপাশি এই আচরণিক সূচকে অর্জনের মাত্রাও প্রত্যেক শিক্ষার্থীর ষাণ্মাসিক ট্রান্সক্রিপ্টের অংশ হিসেবে যুক্ত থাকবে, পরিশিষ্ট ৬ এর ছক ব্যবহার করে আচরণিক সূচকে মূল্যায়নের তথ্য সংগ্রহ করতে হবে।

| আচরণিক সূচক | শিক্ষার্থীর অর্জনের মাত্রা | | |
|---|---|---|---|
| | □ | ○ | △ |
| ১. দলগত কাজে সক্রিয় অংশগ্রহণ করছে | দলের কর্মপরিকল্পনায় বা সিদ্ধান্তগ্রহণে অংশ নিচ্ছে না, তবে নিজের মত করে কাজে অংশগ্রহণ করার চেষ্টা করছে | দলের কর্মপরিকল্পনায় বা সিদ্ধান্তগ্রহণে যথাযথভাবে অংশগ্রহণ না করলেও দলীয় নির্দেশনা অনুযায়ী নিজের দায়িত্বটুকু যথাযথভাবে পালন করছে | দলের সিদ্ধান্ত ও কর্মপরিকল্পনায় সক্রিয় অংশগ্রহণ করছে, সেই অনুযায়ী নিজের ভূমিকা যথাযথভাবে পালন করছে |
| ২. নিজের বক্তব্য ও মতামত দলের সবার সাথে শেয়ার করছে, এবং অন্যদের বক্তব্য শুনে গঠনমূলক আলোচনায় অংশ নিচ্ছে | দলের আলোচনায় একেবারেই মতামত দিচ্ছে না অথবা অন্যদের কোন সুযোগ না দিয়ে নিজের মত চাপিয়ে দিতে চাইছে | নিজের বক্তব্য বা মতামত কদাচিৎ প্রকাশ করলেও জোরালো যুক্তি দিতে পারছে না অথবা দলীয় আলোচনায় অন্যদের তুলনায় বেশি কথা বলছে | নিজের যৌক্তিক বক্তব্য ও মতামত □□□ষ্টভাষায় দলের সবার সাথে শেয়ার করছে, এবং অন্যদের যুক্তিপূর্ণ মতামত মেনে নিয়ে গঠনমূলক আলোচনা করছে |
| ৩. নির্দিষ্ট সমস্যা সমাধানে পূর্বনির্ধারিত প্রক্রিয়া অনুযায়ী কাজের ধাপসমূহ যথাযথভাবে অনুসরণ করছে | নির্দিষ্ট সমস্যা সমাধানে পূর্বনির্ধারিত প্রক্রিয়া অনুযায়ী কিছু কিছু কাজের ধাপ অনুসরণ করছে কিন্তু ধাপগুলোর ধারাবাহিকতা রক্ষা করতে পারছে না | পূর্বনির্ধারিত প্রক্রিয়া অনুযায়ী কাজের ধাপসমূহ অনুসরণ করছে কিন্তু যে নির্দিষ্ট সমস্যা সমাধানের উদ্দেশ্যে কাজটি পরিচালিত হচ্ছে তার সাথে অনুসৃত ধাপগুলোর সম্পর্ক স্থাপন করতে পারছে না | নির্দিষ্ট সমস্যা সমাধানের উদ্দেশ্যে পূর্বনির্ধারিত প্রক্রিয়া মেনে কাজের ধাপসমূহ যথাযথভাবে অনুসরণ করছে, প্রয়োজনে প্রক্রিয়া পরিমার্জন করছে |
| ৪. শিখন অভিজ্ঞতাসমূহ চলাকালে পাঠ্যপুস্তকে বর্ণিত কাজগুলো সম্পন্ন করছে এবং বইয়ের নির্ধারিত স্থানে প্রয়োজনীয় ছক/অনুশীলনী পূরণ করছে | শিখন অভিজ্ঞতাসমূহ চলাকালে পাঠ্যপুস্তকে বর্ণিত কাজগুলো কদাচিৎ সম্পন্ন করছে তবে বইয়ের নির্ধারিত স্থানে প্রয়োজনীয় ছক/অনুশীলনী পূরণ করেনি | শিখন অভিজ্ঞতাসমূহ চলাকালে পাঠ্যপুস্তকে বর্ণিত কাজগুলো আংশিকভাবে সম্পন্ন করছে এবং কিছু ক্ষেত্রে বইয়ের নির্ধারিত স্থানে প্রয়োজনীয় ছক/অনুশীলনী পূরণ করছে | শিখন অভিজ্ঞতাসমূহ চলাকালে পাঠ্যপুস্তকে বর্ণিত কাজগুলো যথাযথভাবে সম্পন্ন করছে এবং বইয়ের নির্ধারিত স্থানে প্রয়োজনীয় ছক/অনুশীলনী পূরণ করছে |
| ৫. পরিকল্পনা অনুযায়ী যথাসময়ে নির্ধারিত কাজ সম্পন্ন করছে | সঠিক পরিকল্পনার অভাবে সকল ক্ষেত্রেই কাজ সম্পন্ন করতে নির্ধারিত সময়ের চেয়ে বেশি সময় লাগছে | যথাসময়ে নির্ধারিত কাজ সম্পন্ন করার চেষ্টা করছে কিন্তু সঠিক পরিকল্পনার অভাবে কিছুক্ষেত্রে নির্ধারিত সময়ের চেয়ে বেশি সময় লাগছে | পরিকল্পনা অনুযায়ী যথাসময়ে নির্ধারিত কাজ সম্পন্ন করছে |
| ৬. দলগত ও একক কাজের বিভিন্ন ধাপে সততার পরিচয় দিচ্ছে | কাজের বিভিন্ন ধাপে, যেমন- তথ্য সংগ্রহ, বিশ্লেষণ ও উপস্থাপন, কাজের প্রক্রিয়া বর্ণনায়, কাজের ফলাফল প্রকাশ ইত্যাদি বিভিন্ন ক্ষেত্রে মনগড়া বা অপ্রাসঙ্গিক তথ্য দিচ্ছে এবং ব্যর্থতা লুকিয়ে রাখতে চাইছে | কাজের বিভিন্ন ধাপে, যেমন- তথ্য সংগ্রহ, বিশ্লেষণ ও উপস্থাপন, নিজের ও দলের ব্যর্থতা বা সীমাবদ্ধতা নিয়ে আলোচনা, কাজের প্রক্রিয়া ও ফলাফল বর্ণনা ইত্যাদি ক্ষেত্রে বিস্তারিত তথ্য দিচ্ছে তবে এই বর্ণনায় নিরপেক্ষতার অভাব রয়েছে | কাজের বিভিন্ন ধাপে, যেমন- তথ্য সংগ্রহ, বিশ্লেষণ ও উপস্থাপন, কাজের প্রক্রিয়া বর্ণনায়, নিজের ও দলের ব্যর্থতা বা সীমাবদ্ধতা নিয়ে আলোচনায়, কাজের ফলাফল প্রকাশ ইত্যাদি সকল ক্ষেত্রে নিরপেক্ষতা ও বস্তুনিষ্ঠতার পরিচয় দিচ্ছে |
| ৭. নিজের দায়িত্ব পালনের পাশাপাশি অন্যদের কাজে সহযোগিতা করছে এবং দলে সমন্বয় সাধন করছে | এককভাবে নিজের উপর অর্পিত দায়িত্বটুকু পালন করতে চেষ্টা করছে তবে দলের অন্যদের সাথে সমন্বয় করছে না | দলে নিজ দায়িত্ব পালনের পাশাপাশি দলের মধ্যে যারা ঘনিষ্ঠ শুধু তাদেরকে সহযোগিতা করার চেষ্টা করছে | নিজের দায়িত্ব সুষ্ঠুভাবে পালনের পাশাপাশি অন্যদের কাজে প্রয়োজনীয় সহযোগিতা করছে এবং দলগত কাজে সমন্বয় সাধনের চেষ্টা করছে |

| আচরণিক সূচক | শিক্ষার্থীর অর্জনের মাত্রা | | |
|---|---|---|---|
| | □ | ○ | △ |
| ৮. অন্যদের দৃষ্টিভঙ্গির ভিন্নতা ও বৈচিত্র্যের প্রতি শ্রদ্ধা রেখে তাদের মতামতের গঠনমূলক সমালোচনা করছে | অন্যদের দৃষ্টিভঙ্গির ভিন্নতা ও বৈচিত্র্যকে গুরুত্ব দিচ্ছে না এবং নিজের দৃষ্টিভঙ্গি চাপিয়ে দিচ্ছে | অন্যদের দৃষ্টিভঙ্গির ভিন্নতা ও বৈচিত্র্যকে স্বীকার করছে এবং অন্যের যুক্তি ও মতামতকে গুরুত্ব দিচ্ছে | অন্যদের দৃষ্টিভঙ্গির ভিন্নতা ও বৈচিত্র্যের প্রতি শ্রদ্ধা বজায় রেখে তাদের মতামতকে গুরুত্ব দিচ্ছে এবং গঠনমূলক আলোচনার মাধ্যমে নিজের দৃষ্টিভঙ্গি তুলে ধরছে |
| ৯. দলের অন্যদের কাজের উপর ভিত্তি করে গঠনমূলক ফিডব্যাক দিচ্ছে | প্রয়োজনে দলের অন্যদের কাজের ফিডব্যাক দিচ্ছে কিন্তু তা যৌক্তিক বা গঠনমূলক হচ্ছে না | দলের অন্যদের কাজের গঠনমূলক ফিডব্যাক দেয়ার চেষ্টা করছে কিন্তু তা সবসময় বাস্তবসম্মত হচ্ছে না | দলের অন্যদের কাজের উপর ভিত্তি করে যৌক্তিক, গঠনমূলক ও বাস্তবসম্মত ফিডব্যাক দিচ্ছে |
| ১০. ব্যক্তিগত যোগাযোগ, উপস্থাপন, মডেল তৈরি, উপকরণ নির্বাচন ও ব্যবহার, ইত্যাদি ক্ষেত্রে পরিমিতিবোধ, বৈচিত্র্যময়তা ও নান্দনিকতা বজায় রেখে সিদ্ধান্ত নিচ্ছে | ব্যক্তিগত যোগাযোগ, উপস্থাপন, মডেল তৈরি, উপকরণ নির্বাচন ও ব্যবহার, ইত্যাদি ক্ষেত্রে পরিমিতিবোধ ও নান্দনিকতার অভাব রয়েছে | ব্যক্তিগত যোগাযোগ, উপস্থাপন, মডেল তৈরি, উপকরণ নির্বাচন ও ব্যবহার, ইত্যাদি ক্ষেত্রে বৈচিত্র্য আনার চেষ্টা করছে কিন্তু পরিমিতিবোধ ও নান্দনিকতা বজায় রাখতে পারছে না | ব্যক্তিগত যোগাযোগ, উপস্থাপন, মডেল তৈরি, উপকরণ নির্বাচন ও ব্যবহার, ইত্যাদি ক্ষেত্রে পরিমিতিবোধ, বৈচিত্র্যময়তা ও নান্দনিকতা বজায় রেখে যৌক্তিক সিদ্ধান্ত নিচ্ছে |

# পরিশিষ্ট ৬

## আচরণিক সূচক মূল্যায়নের জন্য শিক্ষার্থীর উপাত্ত সংগ্রহের ছক

জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, বাংলাদেশ